গোপনীয়
রেজিঃ উইথ এ/ডি

# বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
# BANGLADESH WATER DEVELOPMENT BOARD

শৃংখলা পরিদপ্তর
পানি ভবন (লেভেল-৭)
৭২, গ্রীণরোড, ঢাকা-১২০৫
ফোন ঃ ০২২২২২৩০০৭৬
dir.discipline.bwdb@gmail.com
ওয়েব সাইট: www.bwdb.gov.bd

Directorate of Discipline
Pani Bhaban (Level-7)
72, Green Road, Dhaka-1205
Phone : 02222230076
dir.discipline.bwdb@gmail.com
Website: www.bwdb.gov.bd

নং- ৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪২.২২-২৮৫

তারিখঃ ২০-০৫-১৪৩০ বঃ
০৪-০৯-২০২৩ খ্রিঃ

বিষয়ঃ চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপের লক্ষ্যে কারণ দর্শানো প্রসংগে।

যেহেতু, আপনি জনাব মোঃ ইসমাইল হোসেন, ডাটা এন্ট্রি অপারেটর, প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা বিগত ১১-০৮-২০২২ খ্রিঃ তারিখ হতে দাপ্তরিক কাজে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন যা চাকরি বিধি পরিপন্থী কাজ এবং শাস্তিযোগ্য অপরাধ। উক্ত অপরাধের জন্য বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯(১)(খ) অনুযায়ী আপনার উপর যে কোন দন্ড আরোপযোগ্য।

২। যেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারি) চাকরি প্রবিধানমালা-২০১৩ মোতাবেক প্রস্তাবিত দন্ড কেন আপনার উপর আরোপ করা হবে না সে লক্ষ্যে অত্র পরিদপ্তরের স্মারক নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪২.২২-৩৮১ তারিখ: ১৫-১১-২০২২ খ্রিঃ মোতাবেক অভিযোগনামা প্রেরণ পূর্বক কার্যধারা সূচনা করতঃ প্রবিধানমালার প্রবিধান ৫২(১)(খ) অনুযায়ী উক্ত অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্য দিবসের মধ্যে আত্মপক্ষ সমর্থনের স্বপক্ষে লিখিত বিবৃতি দাখিলের জন্য আপনাকে পত্র প্রেরণ করা হলে আপনি জবাব দাখিল করেননি এবং কর্তৃপক্ষের আইনানুগ আদেশ অমান্য করে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন।

৩। যেহেতু, আপনি কর্তৃক সূচিত কার্যধারায় আনীত অভিযোগনামার জবাব দাখিল হতে বিরত থাকায় আনীত অভিযোগ তদন্ত করার জন্য অত্র দপ্তরের দপ্তরাদেশ নং-৪২.০১.০০০০.০২৩.২৭.৩৪২.২২-৩৩ তারিখঃ ২৫-০১-২০২৩ খ্রিঃ মোতাবেক একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক রেকর্ডপত্র পর্যালোচনান্তে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনাকে বাপাউবোর্ডের চাকরি হতে "বরখাস্ত" (dismissal from service) দন্ড আরোপ করার জন্য কর্তৃপক্ষ কর্তৃক প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে।

৪। সেহেতু, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (কর্মকর্তা ও কর্মচারী) চাকরি প্রবিধানমালা-২০১৩ এর প্রবিধান ৪৯ (১)(খ)(উ) মোতাবেক আপনার উপর "চাকরি হতে বরখাস্ত" (dismissal from service) দণ্ড চূড়ান্তভাবে কেন আরোপ করা হবে না, বর্ণিত প্রবিধানমালার প্রবিধান ৫২(৬) মোতাবেক ৭(সাত) কার্যদিবসের মধ্যে মহাপরিচালক, বাপাউবো মহোদয় বরাবর কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো এবং উক্ত প্রবিধানমালার প্রবিধান ৫২(৫) মোতাবেক তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

৫। এতে মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের অনুমোদন রয়েছে।

সংযুক্তিঃ তদন্ত প্রতিবেদনের চিত্রলিপি।

০৪।০৯।২০২৩
(মোঃ নোমান ফরিদ)
পরিচালক
পরিচিতি নম্বরঃ ৬৬০৮০৫০০২

প্রাপকঃ

১. জনাব মোঃ ইসমাইল হোসেন, ডাটা এন্ট্রি অপারেটর, প্রকল্প মূল্যায়ন পরিদপ্তর, বাপাউবো, ঢাকা।
২. জনাব মোঃ ইসমাইল হোসেন, পিতা- লুৎফর রহমান, মাতা- মোছাঃ নাজমা বেগম, গ্রাম-খিয়ারপাড়া, ডাকঘর- বুড়ির পুকুরহাট, থানা- বদরগঞ্জ, জেলা- রংপুর।

E:\Quddus\Showcause.docx14